দৈনিক জনকণ্ঠ
The Daily Janakantha

# আজকের জেএসসি জেডিসি পরীক্ষা শুক্রবার

প্রকাশিত: ০৪ - নভেম্বর, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে কওমি আলেমদের শোকরানা মাহফিলে ভোগান্তি এড়াতে আজকের জেএসসি ও জেডিসি পরীক্ষা স্থগিত করা হয়েছে। এ পরীক্ষা আগামী শুক্রবার সকাল ৯টায় অনুষ্ঠিত হবে।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির চেয়ারম্যান ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক জানিয়েছেন, সময়সূচী অনুসারে রবিবার (আজ) জেএসসিতে ইংরেজী (অনিয়মিতদের ইংরেজী প্রথমপত্র), জেডিসির আরবি দ্বিতীয় পত্র পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। শিক্ষা বোর্ডের পক্ষ থেকে পরীক্ষা স্থগিতের বিষয়ে অনিবার্য কারণ বলা হলেও জানা গেছে, মূলত রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে আল-হাইআতুল উলয়া লিল-জামি'আতিল কওমিয়া বাংলাদেশের 'শুকরানা মাহফিল' অনুষ্ঠিত হবে। ঢাকাসহ সারাদেশের কওমি মাদ্রাসার কয়েক লাখ মানুষ সোহরাওয়ার্দী উদ্যানে প্রধানমন্ত্রীকে সংবর্ধনা দেবে। সকাল ১০টায় 'শোকরানা মাহফিল' অনুষ্ঠিত হবে। এ কারণে পরীক্ষার্থীদের কেন্দ্রে প্রবেশে বিঘ্ন ঘটার আশঙ্কায় জেএসসি ও জেডিসির পরীক্ষা পিছিয়ে দেয়া হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সকালে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে কওমি মাদ্রাসা শিক্ষার্থীদের একটি কর্মসূচী রয়েছে। সারাদেশ থেকে তারা ঢাকায় আসবে বলে তথ্য পাওয়া গেছে। এতে পরীক্ষার্থীদের কেন্দ্রে আসতে বিঘœ ঘটতে পারে। সার্বিক পরিস্থিতি বিবেচনা করে জেএসসি-জেডিসি পরীক্ষা পিছিয়ে আগামী শুক্রবার সকাল ৯টায় আয়োজনের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ লক্ষ্যে একটি জরুরী সভা হয়। সেখানে শিক্ষা মন্ত্রণালয়ের দুই সচিব, ঢাকা শিক্ষা বোর্ড চেয়ারম্যানসহ শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে গুরুত্বপূর্ণ দফতর ও সংস্থার প্রধানরা উপস্থিত ছিলেন।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক পরীক্ষার্থীদের ভোগান্তির বিষয়ে বলেছেন, কোন ধরনের ঝুঁকির মধ্যে পরীক্ষা আয়োজন করলে সেখানে একজন পরীক্ষার্থীও যদি তার কবলে পড়ে কেন্দ্রে পৌঁছাতে না পারে তার দায়দায়িত্ব আমাদের নিতে হবে। এ কারণে সুষ্ঠুভাবে পরীক্ষাগুলো আয়োজন করতে শিক্ষামন্ত্রীর সঙ্গে জরুরী সভায় পরীক্ষা পেছানোর সিদ্ধান্ত নেয়া হয়। আর পরীক্ষায় অংশগ্রহণ করতে পরীক্ষার্থীরা আগেই প্রস্তুতি নিয়েছে। তাই একটি পরীক্ষা পিছিয়ে গেলে তেমন কোন সমস্যা হওয়ার কথা নয়। সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতেই পরীক্ষা পেছানো হয়েছে বলে জানান তিনি।

১ নবেম্বর থেকে শুরু হওয়া পরীক্ষার প্রথম দিনে ছিল জেএসসির বাংলা (অনিয়মিতদের বাংলা ১ম পত্র) ও জেডিসির কুরআন মজিদ ও তাজবিদ বিষয়ের পরীক্ষা। এবারের পরীক্ষায় ২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ জন শিক্ষার্থী অংশ নিয়েছে। দেশের ২৯ হাজার ৬৭৭টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা দুই হাজার ৯০৩টি কেন্দ্রে জেএসসি- জেডিসি পরীক্ষা দিচ্ছে।

২৬ লাখ ৭০ হাজার ৩৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে ১৪ লাখ ৪৬ হাজার ৬০১ জন ছাত্রী এবং ১২ লাখ ২৩ হাজার ৭৩২ জন ছাত্র। ছাত্রদের থেকে এবার ২ লাখ ২২ হাজার ৮৬৯ জন ছাত্রী বেশি। আট বোর্ডের অধীনে এবার জেএসসিতে ২২ লাখ ৬৭ হাজার ৩৪৩ জন এবং মাদ্রাসা বোর্ডের অধীনে জেডিসিতে ৪ লাখ ২ হাজার ৯৯০ জন পরীক্ষা দিচ্ছে।

কথিত প্রশ্নপত্র ফাঁসে নীলফামারীতে যুবক গ্রেফতার ॥ স্টাফ রিপোর্টার নীলফামারী থেকে জানান, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের মাধ্যমে চলমান জেএসসি পরীক্ষার কথিত আগাম প্রশ্ন পত্র ফাঁসের ঘটনা ঘটেছে। এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগ নীলফামারীর ডোমার থানা পুলিশ শরিফুল ইসলাম (২১) নামের এক যুবককে গ্রেফতার করেছে।

শুক্রবার রাতে ডোমার পৌরসভার চার নম্বর ওয়ার্ডের ছোটরাউতা মহল্লার নিজ বাসা হতে তাকে গ্রেফতার করা হয়। শরিফুল ওই মহল্লার আব্দুল আজিজের ছেলে ও ডোমার সরকারী কলেজের বাংলা বিভাগের অনার্স তৃতীয় বর্ষের ছাত্র। এ ঘটনায় ওই যুবকের বিরুদ্ধে ডোমার থানায় ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮ এর এর ২৩(২) /৩৫ ধারায় মামলা দায়ের করেছে পুলিশ। সূত্রমতে সদ্য পাস হওয়া ডিজিটাল নিরাপত্তা আইনে সারা দেশের মধ্যে এটি তৃতীয় মামলা।

ডোমার থানার অফিসার ইনচার্জ (তদন্ত) বিশ্বদেব রায় জানান, শরিফুল ইসলামকে ফেসবুকের মেসেঞ্জার ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইসের মাধ্যমে চলমান জেএসসির প্রশ্নপত্রের অনুরূপ প্রশ্নপত্র সংগ্রহ করে বিক্রি করার অভিযোগে গ্রেফতার করা হয়। এ ছাড়া প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে ঘটনার সত্যতা স্বীকার করে বলেছে ফাঁস হওয়া প্রশ্নপত্র সঠিক কিনা জানিনা। তবে ওই সকল ফাঁস হওয়া প্রশ্নপত্র সে সিবু আহম্মেদ (ঝযরনঁ অযসসবফ) এর আইডি থেকে সংগ্রহ করে বিক্রি করেছে।

এদিকে বিভিন্ন সূত্র জানায়, ডোমারের শুধু শরিফুল ইসলাম নয়। এ ঘটনার সঙ্গে একটি সিন্ডিকেট জড়িত। এমন আলামতও পাওয়া গেছে। সূত্রমতে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে সিবু আহম্মেদ (ঝযরনঁ অযসসবফ) নামের একটি আইডি থেকে জেএসসির কথিত আগাম প্রশ্নপত্র ফাঁস হয়েছে। সারা দেশে জেএসসি পরীক্ষা শুরু হয় পহেলা নবেম্বর থেকে। পরীক্ষার এক দিন আগে সিবু আহম্মেদ নামের ফেসবুক আইডি হতে দেশের সকল শিক্ষা বোর্ডের বাংলার (আবশ্যিক) তিনটি সেটের প্রশ্ন প্রত্র ফাঁস করা হয় ৩১ অক্টোবর রাত ৮টা ৩১ মিনিটে। যা পরীক্ষার দিন পরীক্ষার্থীরা হুবহু মিল খুঁজে পায়। এরপর ৩ অক্টোবর শনিবার জেএসসি ইংরেজী পরীক্ষা হওয়ার কথা ছিল। সেটি স্থগিত হলেও একই আইডি হতে ইংরেজী পরীক্ষার আগাম প্রশ্নপ্রত্র ফাঁস করা হয় শুক্রবার (২ অক্টোবর) রাত ৯টা ৩৩ মিনিটে। ইংরেজীর আগাম প্রশ্নপত্র ওই আইডিতে আপলোড করে স্ট্যাটাসে লিখা হয় একদম ফাইনাল সাজেশন। শতভাগ কমন সাজেশনের জন্য ইনবক্স করুন। এ জন্য তারা বিকাশের মাধ্যমে টাকা লেনদেন করে থাকে। গত এইচএসসি পরীক্ষাতেও তারা এ ভাবে প্রশ্ন পত্র ফাঁস করে প্রতারণা করে।

ডোমার থানার উপ-পরিদর্শক গোলাম মোস্তফা জানান, গ্রেফতারকৃত শরিফুল 'রোমান খান' নামে একটি ফেক আইডি খুলে ফেসবুকে টাকার বিনিময়ে বিভিন্ন পরীক্ষার প্রশ্নপত্র বিক্রি করার বিষয়টি প্রাথমিকভাবে স্বীকার করেছে। সে 'সিবু আহম্মেদ' নামে আরেকটি ফেক আইডি হতে সেই প্রশ্নপত্র সংগ্রহ করে। সারাদেশে প্রশ্নপত্র ফাঁস চক্রের সঙ্গে সে জড়িত আছে কিনা সে বিষয়ে অধিক জিজ্ঞাসাবাদের পর নিশ্চিত হওয়া যাবে বলে তিনি জানান।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকন্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকন্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকন্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ।। Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By Bikiran.Com